দৈনিক

18 AUG 2008
2 ৪

# মওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে সেনাবাহিনীর বই প্রদান

## বই উপহার দিতে পেরে আমরা গর্বিত ঃ ব্রিঃ জেঃ গণি

**প্রেস বিজ্ঞপ্তি ঃ** বাংলাদেশ সেনাবাহিনীর ৯৮ সংমিশ্রিত ব্রিগেড-এর পক্ষ থেকে টাংগাইলস্থ মওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে প্রায় লক্ষাধিক টাকার বই প্রদান করা হয়। গত শনিবার বেলা ১১টায় বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর প্রফেসর ডঃ মোঃ মনিরুল হক-এর নিকট ৯৮ সংমিশ্রিত ব্রিগেড-এর কমান্ডার ব্রিগেডিয়ার জেনারেল নাসিমুল গনি আনুষ্ঠানিকভাবে বইগুলো হস্তান্তর করেন। এ সময় বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার প্রফেসর মোঃ নুরুল ইসলাম মিয়া, সেনা কর্মকর্তা ৫ আরই ব্যাটালিয়নের কমান্ডিং অফিসার লেঃ কর্নেল শাকিল আহমেদ বিশ্বাস, ১৪ ইস্ট বেঙ্গল উপ-অধিনায়ক মেজর মোঃ দুৎফুল হাসান উপস্থিত ছিলেন। এছাড়া বিশ্ববিদ্যালয়ের ৭টি বিভাগের চেয়ারম্যান, হল সুপার, প্রক্টর, বিশ্ববিদ্যালয় প্রকৌশলী, উর্ধতন কর্মকর্তা ও টাংগাইল পৌর (ভারপ্রাপ্ত) মেয়রসহ বিভিন্ন জাতীয় দৈনিক পত্রিকা ও মিডিয়ার প্রতিনিধি, স্থানীয় সাংবাদিক নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন। ভাইস চ্যান্সেলর উচ্চ শিক্ষার স্বার্থে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগের সেমিনার লাইব্রেরীর জন্য অতি প্রয়োজনীয় বইগুলো গ্রহণ করে বই দেওয়ার মতো ব্যতিক্রমী এই উদ্যোগকে স্বাগত জানান এবং দেশের গুরুত্বপূর্ণ কাজে নিয়োজিত সেনাবাহিনীর ৯৮ সংমিশ্রিত ব্রিগেটকে ধন্যবাদ জানান। তিনি আরও বলেন, প্রযুক্তি নির্ভর এই বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগের ছাত্র-ছাত্রীদের গবেষণা ও শিক্ষকদের শিক্ষাদানের ক্ষেত্রে বইগুলো খুবই সহায়ক হবে। বিশ্ববিদ্যালয়ের জন্য এ ধরনের সহযোগিতার উদ্যোগ যে কেউ নেয়ার সুযোগ রয়েছে। ব্রিগেডিয়ার জেনারেল নাসিমুল গণি বলেন, বিশ্ববিদ্যালয়ে বই উপহার দিতে পেরে গর্ববোধ করছি। ভাসানীর নামে প্রতিষ্ঠিত একটি উচ্চ শিক্ষা প্রতিষ্ঠানে অবশ্যই ভাসানীর আদর্শ থাকতে হবে, তাই এখানে শিক্ষার্থীদেরকে ভাসানীর আদর্শ বাস্তবায়নেও সচেষ্ট থাকতে হবে। তিনি এ বিশ্ববিদ্যালয়ে ভাসানী গবেষণা কেন্দ্র ও ভাসানীর আদর্শের উপর কোর্স গ্রহণ করায় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষকে ধন্যবাদ জানান এবং ভবিষ্যতে এ বিশ্ববিদ্যালয়ের স্বার্থে যে কোন উদ্যোগকে সহযোগিতার আশ্বাস দেন। বই প্রদান অনুষ্ঠান শেষে তিনি বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় গ্রন্থাগার পরিদর্শন করেন।